দৈনিক ইত্তেফাক

তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র ঢাকা

তারিখ 01 DEC 1988
পৃষ্ঠা 2 কলাম 8

235

## স্কুলের সংস্কার চাই

বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন সিংজোর চণ্ডিপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় ও সিংজোর চণ্ডিপুর প্রাথমিক বিদ্যালয়—এই শিক্ষা প্রতিষ্ঠান দুইটি অত্র উপজেলার মধ্যে বেশ পরিচিত। পরিতাপের বিষয় যে, বিগত চার বছর পূর্বে সিংজোর চণ্ডিপুর প্রাথমিক বিদ্যালয়ের ছাদ সম্পূর্ণভাবে ভাঙ্গিয়া যায়। উল্লেখ করা প্রয়োজন যে, উক্ত প্রাথমিক বিদ্যালয়টি বহুমুখী উচ্চ বিদ্যালয় সংলগ্ন। ফলে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা সকালে উক্ত উচ্চ বিদ্যালয়ের পূর্বের পার্শ্বের টিনের ঘরে ক্লাস করিত। সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে উক্ত টিনের ঘরের টিন উড়িয়া যায়। ফলে ঘরটি কাত হইয়া মাটিতে পড়িয়া যায়। উক্ত প্রতিষ্ঠান যাহাতে জরুরীভাবে মেরামত হয়, তাহার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—গাজী নজরুল ইসলাম সেলিম
গ্রাম চণ্ডিপুর, মোরেলগঞ্জ, বাগেরহাট।